# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
## Date 23-05-2025 Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) পাকিস্তানী সীমান্তে ভুল করে ঢুকে পড়া বিএসএফ-এর জওয়ান হুগলীর রিষড়ার বাসিন্দা পূর্নম সাউ আজ বাড়ি ফিরেছেন।

২) ওএমআর শিটে কারচুপির অভিযোগে চাকরি খোয়ানো শিক্ষকদের একাংশের ৩১ ডিসেম্বর পর্যন্ত চাকরিতে বহাল রাখার আর্জি দেশের শীর্ষ আদালত খারিজ করে দিয়েছে।

৩) সুপ্রীম কোর্টের নির্দেশে ২০১৬ সালে এসএসসির গ্রুপ সি ও গ্রুপ ডি বিভাগের যে সব কর্মী চাকরি হারিয়েছেন, তাদের ভাতা দেওয়ার জন্যে রাজ্য শ্রম দপ্তর বিজ্ঞপ্তি জারি করেছে।

৪) কেন্দ্রীয় সরকার, প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে মিড ডে মিলের বরাদ্দ বাড়িয়েছে।

৫) আদালতের নির্দেশে রোজভ্যালি চিটফান্ড কান্ডে প্রতারিতদের সপ্তম দফায় টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া এবং সংস্থার সম্পত্তি নিলাম করে অর্থ সংগ্রহ চলছে।

৬) বাংলার আদ্রিয়ান কর্মকার আইএসএসএফ জুনিয়র শুটিং বিশ্বকাপে আরেকটি পদক জয় করেছেন ।

oooooooooooooooooooo

পাকিস্তানী সীমান্তে ভুল করে ঢুকে পড়া বিএসএফ-এর জওয়ান হুগলীর রিষড়ার বাসিন্দা পূর্নম সাউ আজ বাড়ি ফিরেছেন। বিকেল পৌনে পাঁচটা নাগাদ পূর্বা এক্সপ্রেসে করে তিনি হাওড়া স্টেশনে পৌঁছন। তারপর গাড়ি করে রওনা দেন বাড়ির উদ্দেশ্যে।

হাওড়া স্টেশনে পৌঁছলে সাদর অভ্যর্থনা জানানো হয়। জয়হিন্দ ধ্বনি দিয়ে ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা নেড়ে তাকে স্বাগত জানান সেখানে উপস্থিত জনতা।

পূর্নম বলেন, সকলের শুভেচ্ছা ও প্রার্থনার জন্যই তিনি নিরাপদে দেশে ফিরতে পেরেছেন।

উল্লেখ্য, পাঞ্জাবের ফিরোজপুর সীমান্তে গত ২২-শে এপ্রিল পাকিস্তানী রেঞ্জার্সের হাতে আটক হন তিনি। ভারতের সঙ্গে বেশ কয়েকটি ফ্ল্যাগ মিটিং-এর পর গত ১৪-ই মে পাকিস্তান তাকে মুক্তি দেয়। ২১ দিন পর আটারি-ওয়াঘা সীমান্ত দিয়ে ভারতে ফেরানো হয় পূর্ণমকে।

oooooooooooooooo

সন্ত্রাস দমন ইস্যুতে দেশবাসীকে অবহিত করতে বিশেষ সংসদীয় অধিবেশন ডাকার জন্যে তৃনমূল কংগ্রেস, কেন্দ্রের কাছে আবেদন জানিয়েছে।

সাম্প্রতিক সন্ত্রাস দমন নিয়ে দেশের ভূমিকার কথা তুলে ধরতে কেন্দ্রীয় সরকার বিশ্বের বিভিন্ন প্রান্তে যে সর্বদলীয় প্রতিনিধি দল পাঠিয়েছে , দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সামাজিক মাধ্যমে তার ভুয়সি প্রশংসা করেন। দলের সদস্যরা নিরাপদে ফিরে আসার পরেই এই অধিবেশন ডাকার আবেদন জানান তিনি।

বর্তমান সংঘাতপূর্ণ পরিস্থিতি ও সে সংক্রান্ত অগ্রগতির বিষয়ে অন্য কারোর আগে, দেশবাসীর সামনে সেই সংক্রান্ত তথ্য তুলে ধরার কথাও বলেছেন মমতা।

সেই সঙ্গে জাতীয় স্বার্থে দেশের সার্বভৌমত্ব রক্ষায় কেন্দ্রীয় সরকার যা পদক্ষেপ নেবে তৃনমূল কংগ্রেস তার পাশে থাকবে বলেও দলনেত্রি আশ্বাস দিয়েছেন।

oooooooooooooooooo

ভারতীয় সেনা বাহিনী যে দক্ষতার সঙ্গে অপারেশন সিন্দুরে সাফল্য পেয়েছে তা দেশবাসী হিসেবে গর্বের বিষয় বলে মনে করেন বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালার প্রাক্তন অধিকর্তা শুভব্রত

চৌধুরী। তিনি বলেন, সারা পৃথিবী দেখেছে ভারতের শক্তি, নিপুণ দক্ষতার সঙ্গে দেশ এই ধরনের পরিস্থিতি সামলাতে সক্ষম তাও বোঝানো সম্ভব হয়েছে।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০

ওএমআর শিট বা উত্তরপত্রে কারচুপির অভিযোগে চাকরি খোয়ানো শিক্ষকদের একাংশ আজ শীর্ষ আদালতের দ্বারস্থ হয়ে আবেদন জানান যোগ্য শিক্ষকদের মতো তাদেরও **৩১** ডিসেম্বর পর্যন্ত চাকরিতে বহাল রাখা হোক এবং নতুন নিয়োগে অংশগ্রহণ করার সুযোগ দেওয়া হোক।

তবে, শীর্ষ আদালত তাদের সেই আবেদন খারিজ করে দিয়েছে। বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি কে ভি বিশ্বনাথন আনন্দের ডিভিশন বেঞ্চ জানিয়ে দেন, প্রাক্তন প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার বেঞ্চের নির্দেশে তারা কোন হস্তক্ষেপ করবেন না।

আইনজীবী ফিরদৌস শামিম জানিয়েছেন, সিবিআই তদন্ত করে জানায় মোট ৪ হাজার ৯১ জন OMR শিটে কারচুপি করে চাকরি পেয়েছিল। সুপ্রিম কোর্ট তাদের চাকরি বাতিল করে। তাদেরই মধ্যে **১১৯** জন শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিল। কিন্তু আদালত তাদের আর্জিতে কর্ণপাত করেননি।

০০০০০০০০০০০০০০০০০০

চাকরি হারা শিক্ষকরা বিকাশ ভবনের সামনে আন্দোলন চালিয়ে যেতে পারবেন বলে কলকাতা হাইকোর্ট-এর বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, শর্তসাপেক্ষে অনুমতি দিয়েছেন।

সেন্ট্রাল পার্ক লাগোয়া রাস্তায় শান্তিপূর্ণভাবে তাঁরা এই আন্দোলন করতে পারবেন। তবে, একসঙ্গে ২০০ জনের বেশি ধর্নায় উপস্থিত থাকতে পারবেন না। আন্দোলনকারীদের মধ্যে থেকে **১০** জনের নাম আগে থেকে পুলিশকে জানিয়ে রাখতে হবে। কোন রাজনৈতিক নেতা সহমর্মিতা দেখিয়ে আন্দোলনে থাকতে চাইলে, পুলিশ ও আন্দোলনকারীদের সঙ্গে আলোচনা করে সেই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

**১৫** মে'র ঘটনায় শিক্ষক শিক্ষিকাদের বিরুদ্ধে মধ্যশিক্ষা পর্ষদ কোনো ব্যবস্থা নেবেনা। পুলিশ'ও অভিযুক্তদের বিরুদ্ধে কোনো কঠোর পদক্ষেপ করতে পারবে না, তবে তদন্ত চালিয়ে যেতে পারবে। জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হলে আন্দোলনকারীদের হাজিরা দিতে হবে। পুরসভাকে'ও আন্দোলনকারীদের জন্য পানীয় জল, বায়ো টয়লেট এবং ছাউনি তৈরীর নির্দেশ দেওয়া হয়েছে।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষ শিক্ষকদের, তাঁদের মর্যাদার পরিপন্থী, এমন কোনো অসম্মানজনক কোনো কাজ না করতে অনুরোধ করেছেন।

আগামী চৌঠা জুলাই ফের এই মামলার শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রীম কোর্টের নির্দেশে ২০১৬ সালে এসএসসির গ্রুপ সি ও গ্রুপ ডি বিভাগের যে সব কর্মী চাকরি হারিয়েছেন, তাদের ভাতা দেওয়ার জন্যে রাজ্য শ্রম দপ্তর বিজ্ঞপ্তি জারি করেছে। এর আওতায় গ্রুপ সি কর্মীদের মাসে ২৫ হাজার ও গ্রুপ ডি কর্মীদের ২০ হাজার টাকা করে ভাতা দেওয়া হবে।

ওয়েস্ট বেঙ্গল লাইভলিহুড অ্যান্ড সোশ্যাল সিকিউরিটি ইন্টারিম স্কীম ২০২৫ নামে এই প্রকল্পটি কার্যকর হবে গত এপ্রিল মাস থেকে। রাজ্য মন্ত্রীসভা গত ১৪ ই মে এই প্রকল্প অনুমোদন করে।

এদিকে চাকরিহারা শিক্ষাকর্মীরা, সরকারের দেওয়া আর্থিক অনুদান নেবেন বলে জানিয়েছেন। তাঁদের তরফে সুজয় সর্দার বলেন, ২০১৬ -য় গ্রুপ সি-তে ২ হাজার ৩৭ জনকে নিয়োগ করা হয়। এরমধ্যে ১ হাজার ২৫৫ জনের বিরুদ্ধে কোনও অভিযোগ নেই। অন্যদিকে গ্রুপ ডি-তে নিয়োগ করা হয়েছিল ৩ হাজার ৮৮০ জনকে। এদের মধ্যে ২ হাজার ১৩৯ জনের বিরুদ্ধে কোনও অভিযোগ নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, চাকরি হারা শিক্ষকদের ক্ষেত্রে অবিলম্বে যোগ্য অযোগ্য নির্ধারণ করার দাবি জানিয়েছেন। যোগ্য , অযোগ্য নির্ধারণ না করা হলে যোগ্য শিক্ষকরা কেন বঞ্চিত হবেন, বা চাকরি হারাবেন সেই প্রশ্নও তোলেন তিনি। অধীর বাবু আরও বলেন, শিক্ষক নিয়োগে দুর্নীতি করেছে রাজ্য সরকার।

এদিকে মুর্শিদাবাদের সামশেরগঞ্জের হিংসায় মুখ্যমন্ত্রীর বহিরাগত তত্বের প্রতিবাদ করে বিএসফ কে অভিযুক্ত করার প্রতিবাদ করেছেন কংগ্রেস নেতা। তিনি অভিযোগ করেন, দরকার পড়লেই মুখ্যমন্ত্রী বি এস এফ কে ডাকেন, আর কাজ ফুরোলেই তাঁদের বদনাম করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার, প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে মিড ডে মিলের বরাদ্দ বাড়িয়েছে। রাজ্যের শিক্ষা দফতরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কেন্দ্রের পিএম পোষণ দফতর, পড়ুয়া পিছু বরাদ্দ প্রাথমিকে ৬ টাকা ১৯ পয়সা থেকে বাড়িয়ে ৬ টাকা ৭৮ পয়সা এবং উচ্চ প্রাথমিকে ৯ টাকা ২৯ পয়সা থেকে বাড়িয়ে ১০টাকা ১৭ পয়সা করেছে। এ বাবদ প্রাথমিকে কেন্দ্র দেবে ৪ টাকা ৭ পয়সা এবং রাজ্যকে দিতে হবে ২ টাকা ৭১ পয়সা। অন্য দিকে, উচ্চ প্রাথমিকে কেন্দ্রের তরফ থেকে পাওয়া যাবে ৬ টাকা ১০ পয়সা এবং রাজ্য দেবে ৪ টাকা ৭ পয়সা।

উল্লেখ্য, এর আগে, মিড ডে মিলের বরাদ্দ বেড়েছিল গত বছর ডিসেম্বর মাসে।

০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৫ শে মে, আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২২ তম পর্ব।

ওইদিন বেলা ১১ টা থেকে আকাশবাণীর সবকটি কেন্দ্র, সোশ্যাল মিডিয়া এবং দূরদর্শনে মন কি বাত সরাসরি সম্প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০

আদালতের নির্দেশে রোজ ভ্যালি চিটফান্ড কাণ্ডে প্রতারিতদের সপ্তম দফায় টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া চলছে। একইসঙ্গে চলছে ওই বেআইনি লগ্নিকারী সংস্থার সম্পত্তি নিলাম করে অর্থ সংগ্রহ।

রোজভ্যালির বিনিয়োগকারীদের অর্থ ফেরত দেওয়ার জন্যে গঠিত অ্যাসেট ডিসপোজাল কমিটির চেয়ারম্যান, অবসরপ্রাপ্ত বিচারপতি ডি.কে শেঠ আকাশবাণীকে জানিয়েছেন, আজ থেকে ফের আরেক দফায় রোজ ভ্যালি সম্পত্তি নিলামের প্রক্রিয়া শুরু হয়েছে। এই পর্যায়ে ৩০ টি জায়গায় ওই সংস্থার ৫৩ টি সম্পত্তি নিলামে তোলা হবে। এর বাজার দর আনুমানিক ৪০৯ কোটি টাকা।

অবসরপ্রাপ্ত বিচারপতি ডি.কে শেঠ আরো জানান, এ পর্যন্ত ওই বেআইনি অর্থলগ্নি সংস্থার প্রায় তিন হাজার কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। এরাজ্যের পাশাপাশি অসম,ত্রিপুরা, ওড়িশার মত প্রতিবেশী রাজ্য গুলি থেকে সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। একই সঙ্গে প্রতারিতদের টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়াও চলছে।

উল্লেখ্য, এর আগে ছয় দফায় ৩৯ কোটি ৩১ লক্ষ টাকা আমানতকারীদের ফেরত দেওয়া হয়েছে। সপ্তম দফায় ১৮ হাজার ৪১৭ প্রতারিত কে ২১ লক্ষ টাকারও বেশি ফেরত দেওয়া হবে।

oooooooooooooooooooo

কলকাতায় আজ ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট বা আইএসআই-এর অধীন আন্তর্জাতিক পরিসংখ্যান শিক্ষা কেন্দ্রের ৭৬তম সমাবর্তন হয়। এবছর বারোটি দেশের ১৯জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়। এর মধ্যে ১৮জন শিক্ষার্থী সমাবর্তন অনুষ্ঠানে ডিপ্লোমা গ্রহণ করে।

কেন্দ্রীয় পরিসংখ্যান ও কর্মসূচি রুপায়ন মন্ত্রকের সচিব সৌরভ গর্গ দীক্ষান্ত ভাষণে , তথ্যের গুরুত্বপূর্ণ ভূমিকা এবং বর্তমানে "তথ্য সাক্ষরতার" প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি শিক্ষার্থীদের নতুন প্রযুক্তিতে তাদের জ্ঞান ও দক্ষতা ক্রমাগত আপডেট করার জন্য উৎসাহিত করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী গর্গ বলেন,ভারত ও ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটের যে পরম্পরা ও ঐতিহ্য রয়েছে তার সুবিধা বিশ্বের অন্য দেশগুলি যাতে পায় সেই লক্ষ্যে এই ডিপ্লোমা কোর্স করানো হয়।

(বাইট)

আইএসআইয়ের অধিকর্তা সংঘমিত্রা বন্দ্যোপাধ্যায় সমাবর্তনে স্বাগত ভাষণ দেন।

উল্লেখ্য,এই প্রতিষ্ঠানে কেন্দ্রীয় পরিসংখ্যান ও কর্মসূচি বাস্তবায়ন এবং বিদেশ মন্ত্রকের তত্ত্বাবধানে আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য ১০মাসের ডিপ্লোমা কোর্স করানো হয়।

oooooooooooooooooooo

রাজ্য সরকার , উপযুক্ত পরিচয় পত্র ছাড়া এলাকায় কেউ সমীক্ষা করতে গেলে বা কোন রকম প্ররোচনামূলক প্রচার চালালে, অভিযুক্তর বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্যে সব সীমান্তবর্তী জেলাশাসক ও পুলিশ সুপারদের নির্দেশ দিয়েছে। নবান্ন সূত্রে খবর, এলাকায় কোন সাম্প্রদায়িক উস্কানিমূলক প্রচার হলে সঙ্গে সঙ্গে কঠোর পদক্ষেপ নেওয়ার জন্যে মুখ্যসচিব মনোজ পন্থ প্রশাসনকে নির্দেশ দিয়েছেন। এলাকায় বহিরাগতদের ভিড় বাড়ছে কিনা, সে বিষয়ে নজরদারির পাশাপাশি পুলিশকে স্থানীয় ভাবে জনসংযোগ বৃদ্ধির উপরেও জোর দিতে বলা হয়েছে।

উল্লেখ্য সাংবাদিক পরিচয় দিয়ে সীমান্তবর্তী এলাকায় উস্কানিমূলক প্রচার চালানো হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি উত্তরবঙ্গ সফরে গিয়ে প্রশাসনিক বৈঠকে অভিযোগ করেন। তার পরেই রাজ্য সরকারের এই নির্দেশ।

ooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার বনগাঁ থানার বাঘের বটতলা এলাকা থেকে বেআইনিভাবে ভারতে অনুপ্রবেশকারী ছয় বাংলাদেশিকে আটক করেছে বনগাঁ থানার পুলিশ । এদের মধ্যে চারটি শিশু।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন খবরের ভিত্তিতে পুলিশ এই ছয় জনকে আটক করে । তাদের জিজ্ঞাসাবাদ করে জানা গেছে, ৫ বছর আগে বেআইনিভাবে তারা বাংলাদেশ থেকে এ দেশে অনুপ্রবেশ করে। এরপর তারা আমেদাবাদে গিয়ে স্থায়ী বসবাস শুরু করে। বর্তমানে অনুপ্রবেশকারীদের যে ধরপাকড় চলছে সেই ভয়ে তারা পুনরায় বাংলাদেশে ফিরে যাবার জন্য বনগাঁয় এসেছিল।

ধৃত শিমুল শেখ, তাজিনুর শেখ, নাজমা শেখ,সুলতানা শেখ, রমজান শেখ ও ইউসুফ শেখ সকলেই বাংলাদেশের খুলনা জেলার বাসিন্দা।

আজ তাদের বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে ৩ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

ooooooooooooooooooo

অনুকূল বায়ুপ্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় আজও রাজ্যের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। আগামী কয়েকদিন কম-বেশী বৃষ্টি হবে বলে আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে।

উত্তর বঙ্গোপসাগরে  এমাসের ২৭ তারিখ নাগাত একটি নিম্নচাপ অক্ষরেখা তৈরি হতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট – সোমনাথ)

এদিকে,বৃষ্টিতে তাপমাত্রা কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্র ছিল ৩২ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা তিন ডিগ্রী কম। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা এক ডিগ্রি বেশী। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে তিন মিলিমিটার।

ooooooooooooooooo

বাংলার আদ্রিয়ান কর্মকার আইএসএসএফ জুনিয়র শুটিং বিশ্বকাপে আরেকটি  পদক জয় করেছেন । আজ জার্মানির শুলে ৫০মিটার রাইফেল থ্রি পজিশন বিভাগে ৪৪৬ দশমিক ৬  স্কোর করে ব্রোঞ্জ জয় করেছেন আদ্রিয়ান।  নিজের প্রথম  বিশ্বকাপেই এর আগের  ইভেন্টে রূপো জেতার নজির গড়েছেন অলিম্পিয়ান জয়দীপ কর্মকারের পুত্র আদ্রিয়ান।

এই বিভাগে নরওয়ের জেন্স ওয়েস্টলি সোনা এবং ফ্রান্সের রোমিয়ান রূপো পেয়েছে।

ooooooooooooooooo

এভারেস্ট জয় করে আজ শহরে ফিরেছেন কলকাতা পুলিশের কনস্টেবল লক্ষীকান্ত মন্ডল। দমদম বিমানবন্দরে তাকে স্বাগত জানান  কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা  এবং অন্য আধিকারিকরা। বিমানবন্দরে লক্ষীকান্ত মন্ডল বলেন, সকলের সহযোগিতাতেই তিনি এই সাফল্য লাভ করেছেন। মনোজ ভার্মা  বলেন, লক্ষীকান্তের এই সাফল্যে তাঁরা গর্বিত  ।

উল্লেখ্য,গত সোমবার এভারেস্টের শীর্ষে পা রাখেন এই বাঙালি পর্বতারোহী।  এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে তিনি  এভারেস্ট অভিযানে রওনা হয়েছিলেন।  বর্তমানে কলকাতা পুলিশের কমিশনারের দেহরক্ষী হিসাবে নিযুক্ত লক্ষ্মীকান্তকে এভারেস্ট জয়ের পর  শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

ooooooooooooooooooo